তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এর দপ্তর
ও এন্ড এম, বাপাউবো
পানি ভবন (২য় তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোন নং- ০২২২২২৩০০৯৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

**Office of the Superintending Engineer, O&M**
BWDB, Pani Bhaban
(Level- 1), Block-C, 72
Green Road Dhaka - 1205
E-mail: se.onm@bwdb.gov.bd
Phone: 02222230093

---

**বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরে পৌর কর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০৩) এবং ভূমি উন্নয়ন কর (অর্থনৈতিক কোড-৩৮২১১০২) এর বকেয়া এবং নতুন স্থাপনা/ভূমির অনুকূলে বর্ধিত করের চাহিদার তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যায় যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচালন ব্যয় খাতের আওতায় পৌর কর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০৩) এবং ভূমি উন্নয়ন কর (অর্থনৈতিক কোড-৩৮২১১০২) উপখাতের হালনাগাদ বকেয়া এবং নতুন স্থাপনা/ভূমির অনুকূলে বর্ধিত চাহিদা পরিশোধের জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে। ইতোমধ্যে এই দুই উপখাতের এ যাবৎ পর্যন্ত সমুদয় বকেয়া পরিশোধের লক্ষ্যে সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সাম্প্রতিককালে বাপাউবো'র প্রকল্পভুক্ত এলাকা বৃদ্ধি পাওয়ায় সামগ্রিকভাবে ভূমি উন্নয়ন কর এবং পৌর করের চাহিদা বৃদ্ধি পেয়েছে। সেক্ষেত্রে, আগামী মাসে অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য ত্রি-পক্ষীয় সভায় এই দুই উপখাতের বকেয়া পরিশোধসহ সিলিং বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হবে। উক্ত সভায় উপযুক্ত কর্তৃপক্ষের দাবিকৃত হালনাগাদ বকেয়া এবং নতুন স্থাপনা/ভূমির অনুকূলে বর্ধিত চাহিদার তথ্যসহ দালিলিক প্রমাণক উপস্থাপন করা না হলে বকেয়া পরিশোধসহ বর্ধিত চাহিদার জন্য সিলিং বৃদ্ধি করার বিষয়টি বিবেচনা করা হবে না। বিধায়, বর্ণিত তথ্য অত্র দপ্তরে প্রেরণ করা অত্যন্ত জরুরী।

এমতাবস্থায়, উপযুক্ত কর্তৃপক্ষের ( যেমন পৌর করের ক্ষেত্রে পৌরসভার মেয়র এবং ভূমি উন্নয়ন করের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের ১ টি সমন্বিত পত্র) দাবিকৃত পৌর কর (অন্যান্য ব্যয়) (অর্থনৈতিক কোড-৩৮২১১০৩) এবং ভূমি উন্নয়ন কর (অর্থনৈতিক কোড-৩৮২১১০২) উপখাতের হালনাগাদ বকেয়া এবং নতুন স্থাপনা/ভূমির অনুকূলে বর্ধিত চাহিদার তথ্য জোন ওয়ারী আগামী ২৭, জানুয়ারী ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য সবিনয়ে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্য প্রেরণ করা না হলে বকেয়া পরিশোধে কোন জটিলতার সৃষ্টি হলে অত্র দপ্তর কোনরুপ দায়ভার গ্রহন করবে না।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

১১/০১/2022

(এ,কে,এম সাইফুদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃদাঃ)
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পওর/পরি/পাউবো/বি-১৫/১২৮/১(১৫) তারিখঃ- ১১/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৪। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৫। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৬। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৭। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৮। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৯। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বারশাল।
১০। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১২। প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।
১৩। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
১৪। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১১/০১/2022

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পওর/পরি/পাউবো/বি-১৫/১২৮/১(৭) তারিখঃ- ১১/০১/২০২২ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থেঃ

১। প্রধান প্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, নক্সা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাপাউবো, ঢাকা।

১১/০১/2022

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও এন্ড এম, বাপাউবো, ঢাকা।